সংবাদ

তারিখ ... 03 AUG 2016 ...
পৃষ্ঠা ...৩... কলাম ...২...

জঙ্গি অর্থায়নের অভিযোগ

# শিক্ষা মন্ত্রণালয়ের এক কর্মকর্তার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের নির্দেশ

নিজস্ব বার্তা পরিবেশক

জঙ্গি অর্থায়নের অভিযোগ পাওয়া গেছে এবার শিক্ষা মন্ত্রণালয়ের শিক্ষা প্রতিষ্ঠান 'পরিদর্শন ও নিরীক্ষা অধিদফতর'র (ডিআইএ) এক কর্মকর্তার বিরুদ্ধে। গোয়েন্দা সংস্থার তদন্তে ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে বিপুল অঙ্কের অর্থ লেনদেনের প্রমাণ পাওয়ার পর প্রধানমন্ত্রী কার্যালয়ের নির্দেশ অনুসারে আবুল কালাম আজাদ নামের এ কর্মকর্তাকে বদলি করা হয়েছে। তাকে সোমবার মাদারীপুর নাজিম উদ্দিন কলেজে বদলির পাশাপাশি তার বিরুদ্ধে, বিভাগীয় ব্যবস্থা নেয়া হচ্ছে। এছাড়াও তার সব স্থাবর-অস্থাবর সম্পত্তি দুর্নীতি দমন কমিশনের (দুদক) মাধ্যমে তদন্তের উদ্যোগ নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ নিজ দফতরের ব্যবস্থা : পৃষ্ঠা : ১৫ ক : ১

## বন্ধের : নির্দেশ

(১ম পৃষ্ঠার পর)

গেছে, জামায়াত-শিবির পরিচালিত রাজশাহী নগরীর 'পিস স্কুল এন্ড কলেজের' নামফলক বদলে 'লিজেন্ড একাডেমী' করা হয়েছে। তবে শিক্ষার্থীদের পরিচয়পত্রসহ অন্যান্য ক্ষেত্রে আগের নামই রয়েছে। শিক্ষার্থীদের বহন করা ভ্যানের 'পিস স্কুল এন্ড কলেজ' নামটিও মুছে ফেলা হয়েছে। তবে ছাত্রছাত্রীদের পরিচয়পত্র, ব্যাগ ও পোশাকের মনোগ্রামে এখনও 'পিস স্কুল এন্ড কলেজ' নামটি রয়েছে।

### কারা চালায় পিস স্কুল

ড. জাকির নায়েকের প্রতিষ্ঠানের নামে ঢাকা, রাজশাহী, কুষ্টিয়া, চট্টগ্রামসহ বিভিন্ন জেলায় পাঠদানের আড়ালে কোমলমতি শিক্ষার্থীদের উগ্রবাদী তৎপরতায় লিপ্ত করছে জামায়াত-শিবির।

আন্ত:শিক্ষা বোর্ড সূত্র জানায়, রাজধানীতে পিস স্কুল এ্যান্ড কলেজ পরিচালিত হচ্ছে 'ইনভাইট পিস লিমিটেড' নামক একটি কোম্পানির মাধ্যমে, যার চেয়ারম্যান হিসেবে রয়েছেন ছাত্র শিবিরের সাবেক সভাপতি আবু জাফর মুহাম্মদ ওবায়েদুল্লাহ। তিনি ছিলেন ১৯৯১-৯২ সালে ছাত্র শিবিরের ১১তম সভাপতি।

এই 'ইনভাইট পিস লিমিটেড' পিস স্কুল নাম দিয়ে সারাদেশে কমপক্ষে ১৪টি শাখা স্কুল পরিচালনা করছে। ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, বরিশাল, বগুড়া, রংপুর, কুষ্টিয়া, গাজীপুর, ফেনী, নোয়াখালী, দিনাজপুর ও খুলনায় পিস স্কুল রয়েছে। ঢাকায় রয়েছে পিস স্কুলের বেশকিছু শাখা। এর একটি উত্তরা ক্যাম্পাস (বাড়ি নং-৫৯, রোড-৫, সেক্টর-১৩), একটি মিরপুর ক্যাম্পাস (প্লট নং-৫, রোড-২৮/ক, রূপনগর, সিএ, মিরপুর)। মিরপুর ক্যাম্পাসে রয়েছে দুই শতাধিক শিক্ষার্থী এবং চতুর্থ শ্রেণী পর্যন্ত পাঠদান করা হয়। উত্তরা ক্যাম্পাসে নবম শ্রেণী পর্যন্ত পাঠদান করা হয়।

রাজধানীতে বৃহৎ আরও একটি শাখা রয়েছে মালিবাগে। মালিবাগের শাখাটি নুরুজ্জামান ফিরোজ নামে এক ব্যক্তি পরিচালনা করেন। মালিবাগ ক্যাম্পাস (৪০০/বি, চৌধুরীপাড়া, মালিবাগ, আবুল হোটেলের উল্টোদিকে, আল মদিনা হোটেলের পাশে)। এছাড়াও দক্ষিণ বনশ্রী ডি ব্লকে 'ইন্টারন্যাশনাল পিস স্কুল' নামে একটি প্রতিষ্ঠান রয়েছে, যার পরিচালক জনৈক আলী হোসেন।